

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৯৫২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - স্বামীর সম্পদ থেকে স্ত্রীর সদাকাহ করা

আরবী

وَعَنْ سَعْدٍ قَالَ: لَمَّا بَايَعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النِّسَاءُ قَامَتِ امْرَأَةٌ جَلِيلَةً كَانَتْهَا مِنْ نِسَاءِ مُضَرَ فَقَالَتْ: يَا نَبِيَّ اللَّهِ إِنَّا كُلُّ عَلَى آبَائِنَا وَأَبْنَاؤُنَا وَأَزْوَاجِنَا فَمَا يَحِلُّ لَنَا مِنْ أَمْوَالِهِمْ؟ قَالَ: «الرَّطْبُ تَأْكُلُهُ وَتَهْدِينَهُ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

১৯৫২-[৬] সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের কাছ থেকে বায়'আত গ্রহণ করার সময় একজন মর্যাদাবতী মহিলা উঠে দাঁড়াল। তাকে 'মুযার গোত্রের' মহিলা মনে হচ্ছিল। সে বলল, হে আল্লাহর নবী! আমাদের সকলে পিতা, সন্তান ও স্বামীর ওপর নির্ভরশীল। তাদের ধন-সম্পদ হতে খরচ করা কী আমাদের জন্য হালাল? তিনি বললেন, পচনশীল মাল খাও এবং তুহফা দাও। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবু দাউদ ১৬৮৬, ইবনু আবী শায়বাহ ৭৮৫১, শারহুস্ সুন্নাহ্ ১৬৯৭। কারণ এর সানাদটি মুনক্বতি', যিয়াদ ইবনু যুবায়র সা'দ ইবনু আবী ওয়াক্কাস (রাযিঃ)-এর সাক্ষাত পাননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (جَلِيلَةً) আল্লামা খিতাবী (রহঃ) বলেন, এর দু'টি অর্থ হতে পারে শারীরিকভাবে মোটাসোটা অথবা মেধার দিক দিয়ে অভিজ্ঞতা সম্পন্ন।

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56512>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন